

আগামীকাল হাই স্কুলে ভর্তির আবেদনের শেষ দিন!

প্রিয় পরিবারবর্গ,

আগামীকাল, 1 ডিসেম্বর হচ্ছে হাই স্কুলে ভর্তির আবেদন করার শেষ দিন। তিনটি উপায়ের একটির মাধ্যমে আপনার আবেদন জমা দিন:

- অনলাইনে MySchools.nyc-এর মাধ্যমে, আগামীকাল 11:59 pm-এর মধ্যে। আপনি অনলাইনে আরবি, বাংলা, চাইনিজ, ইংরেজি, ফ্রেঞ্চ, হেশিয়ান ক্রিওল, কোরিয়ান, রাশিয়ান, স্প্যানিশ, অথবা উর্দুতে আবেদন করতে পারেন।
- আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলারের মাধ্যমে।
- একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারের মাধ্যমে (schools.nyc.gov/FWC)—লিংকটি ব্যবহার করে সময়সূচি ও ঠিকানা জেনে নিন।

স্মরণ রাখবেন, আপনার আবেদনপত্রে আপনার প্রকৃত পছন্দের ক্রমানুসারে আপনার প্রথম পছন্দটিকে #1-এ স্থান দিয়ে ক্রমানুসারে 12-টি প্রোগ্রামে আবেদন করুন।

এছাড়াও, 1 ডিসেম্বরের মধ্যে [অডিশন](#) অথবা [মূল্যায়ন সহ স্ক্রিন্ড \(যাচাইকরণ\)](#) প্রোগ্রামসমূহের জন্য যেকোনো বাড়তি শর্তাবলী পূরণ করতে ভুলবেন না।

প্রশ্ন আছে কি?

- schools.nyc.gov/HS-এ আরো জানুন এবং মাইস্কুলস্ টিউটোরিয়াল দেখুন।
- মাইস্কুলস্ কিংবা আপনার আবেদন নিয়ে সহায়তার প্রয়োজন, অথবা অন্য কোনো ভর্তি সংক্রান্ত প্রশ্ন আছে কি? আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলার অথবা কোনো [ফ্যামিলি ওয়েলকাম সেন্টার](#) স্টাফের সাথে কথা বলুন।

শুভেচ্ছান্তে,

হাই স্কুল অ্যাডমিশনস্ টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট



এই ইমেইলটি কি আপনার কোনো বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp -এ, আমাদের হাই স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নামে লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। আপনি হাই স্কুলে ভর্তি সংক্রান্ত বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা [আনসাবসক্রাইব](#) করতে চাইলে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।